

Final copy
স্বাক্ষর
28/03/2022

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।

সিটিজেন চার্টার পর্যালোচনা সংক্রান্ত সভা

তারিখ : ১৩ জুন ২০১৯

স্বাক্ষরকর্তা : সিটিজেন চার্টার / সিটিজেন চার্টার / ১৩/০৬/১৯ (স্বাক্ষর) : তারিখ: - ১৪ জুন ২০১৯

আগোচ্য বিষয়

১. এনটিআরসিএ'র সিটিজেন চার্টার অর্থাগোচনা সংক্রান্ত আগোচনা।
২. বিবিধ।

সিটিজেন চার্টার

ভূমিকা : বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান ২০০৫ সালে একটি আইনের মাধ্যমে প্রতিষ্ঠিত হয় ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে মেধাবী, যোগ্য ও দক্ষ শিক্ষক নির্বাচন এবং নিয়োগদানে সুপারিশ করে।

১.১ ভিশন :

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগের লক্ষ্যে দেশব্যাপী প্রতিযোগিতামূলক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণের মাধ্যমে মেধাভিত্তিক শিক্ষক বাছাই নিশ্চিতকরণ।

১.২ মিশন :

দেশব্যাপী স্বচ্ছ, দুর্নীতিমুক্ত ও কম্পিউটারাইজড পদ্ধতিতে প্রতিযোগিতামূলক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ, নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রত্যয়নপত্র প্রদান, শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ শেষে সম্মিলিত জাতীয় মেধাতালিকা হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে প্রকাশ, শিক্ষক নিয়োগের লক্ষ্যে দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে অনলাইনে ই-রিক্রুইজমেন্ট গ্রহণ এবং প্রাপ্ত শূন্য পদের বিপরীতে অনলাইনে আবেদনপত্র গ্রহণ করে নিবন্ধন সনদধারী প্রার্থীদের মধ্য হতে এন্ট্রি লেভেলে মেধারভিত্তিতে কম্পিউটারাইজড পদ্ধতিতে সেরা প্রার্থীকে শূন্য পদের বিপরীতে নির্বাচন করে যোগ্য ও মেধাবী শিক্ষক দ্বারা দেশের সার্বিক শিক্ষা ব্যবস্থার উন্নয়ন সাধন।

